



ফ্যামিলি কার্ড কার্যক্রমে নিরপেক্ষতা নিশ্চিতের নির্দেশ অর্থমন্ত্রীর



আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে রাজনৈতিক পরিচয় বা দলীয় বিবেচনার কোনো সুযোগ রাখা যাবে না বলে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

সোমবার (১৫ জুন) অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফ্যামিলি কার্ড বিষয়ক মন্ত্রিসভা কমিটির বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। বৈঠকে কর্মসূচিটির পরিচালনাগত ব্যয়, বাস্তবায়ন কাঠামো এবং নীতিগত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

এ সময় ফ্যামিলি কার্ডের পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনার সংশোধিত নির্দেশিকা ২০২৬ চূড়ান্ত করা হয়। একই সঙ্গে কর্মসূচি পরিচালনার জন্য প্রস্তাবিত নীতিমালার খসড়া পর্যালোচনা করে নীতিগত সম্মতি দেওয়া হয়। প্রশাসনিক ব্যয় সংক্রান্ত প্রস্তাবও অনুমোদন পায়।

বৈঠকে সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, প্রতিমন্ত্রী ফারজানা শারমীন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এবং সমাজকল্যাণ সচিব ড. মোহাম্মদ আবু ইউছুফসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।